ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)
WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED (WZPDCL)
(An enterprise of Bangladesh Power Development Board)

স্মারক নং-২৭.২২.৪৭৮৫.০০২.৪৬.০০১.২৩-৭১৩

তারিখঃ ২৪ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ
০৯ মার্চ, ২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)-এর ০২/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত ২৪৯-তম বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ২০২১-২২ অর্থ বছরে Annual Performance Agreement (APA)-এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কোম্পানির নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদেরকে নিম্নোক্ত শর্তে ইনসেনটিভ বোনাস প্রদান করা হলোঃ

(ক) ২০২১-২২ অর্থ বছরে APA লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কমিটির সুপারিশের ভিত্তিতে ১০০ নম্বর অর্জনের জন্য ২৩ (তেইশ) টি দপ্তরের নিয়মিত কর্মকর্তা-কর্মচারীগণ ১.৫টি মূল বেতনের সমপরিমাণ, ৯৫ হতে ৯৯.৯৯ পর্যন্ত নম্বর অর্জনের জন্য ২৮ (আটাশ) টি দপ্তরের নিয়মিত কর্মকর্তা-কর্মচারীগণ ১.২৫ টি মূল বেতনের সমপরিমাণ, ৯০ হতে ৯৪.৯৯ পর্যন্ত নম্বর অর্জনের জন্য ৮ (আট)টি দপ্তরের নিয়মিত কর্মকর্তা-কর্মচারীগণ ১টি মূল বেতনের সমপরিমাণ এবং ৮৫ হতে ৮৯.৯৯ পর্যন্ত নম্বর অর্জনের জন্য ৮ (আট) টি দপ্তরের নিয়মিত কর্মকর্তা-কর্মচারীগণ ০.৭৫টি মূল বেতনের সমপরিমাণ ইনসেনটিভ বোনাস প্রাপ্য হবে। এক্ষেত্রে ৩০শে জুন ২০২২ খ্রিঃ তারিখে আহরিত মূল বেতন ইনসেনটিভ বোনাস পরিশোধের জন্য বিবেচ্য হবে।

(খ) ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি: এ ২০২১-২২ অর্থ বছরে ০৬ (ছয়) মাস বা ১৮০ দিনের অধিক কর্মরত এমপ্লয়ীদের সংশ্লিষ্ট দপ্তরের প্রাপ্যতা অনুযায়ী আনুপাতিক হারে APA (উৎসাহ) বোনাস প্রদান করা যাবে। তবে চাকরির স্বাভাবিক অবসর/ মৃত্যুর ক্ষেত্রে ০৬ (ছয়) মাস বা ১৮০ দিনের কম সময় সক্রিয়ভাবে কর্মরত থাকলেও তিনি সংশ্লিষ্ট দপ্তরের প্রাপ্যতা অনুযায়ী আনুপাতিক হারে ইনসেনটিভ বোনাস প্রাপ্য হবেন।

(গ) সংশ্লিষ্ট অর্থ বছরে কোন কর্মকর্তা-কর্মচারী কোন প্রকার শাস্তি পেয়ে থাকলে তিনি ইনসেনটিভ বোনাস প্রাপ্য হবেন না।

(ঘ) সংশ্লিষ্ট অর্থ বছরে কোন কর্মকর্তা-কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত থাকলে, তদন্ত বা বিভাগীয় মামলা চলমান থাকলে তা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ইনসেনটিভ বোনাস পরিশোধ স্থগিত থাকবে।

(ঙ) বিভাগীয় মামলা চলমান থাকার কারণে পূর্ববর্তী অর্থবছর সমূহে কোন কর্মকর্তা/ কর্মচারী ইনসেনটিভ বোনাস না পেয়ে থাকলে, যে মামলা চলমান থাকার কারণে তিনি ইনসেনটিভ বোনাস পান নাই, উক্ত মামলা হতে অব্যাহতি পেয়ে থাকলে তিনি উক্ত অর্থ বছরের সংশ্লিষ্ট দপ্তরের প্রাপ্যতা অনুযায়ী ইনসেনটিভ বোনাস পাবেন।

(চ) কোম্পানির অবসরপ্রাপ্ত বা চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারীর বৈধ উত্তরাধিকারী উপরোক্ত নিয়মে ইনসেনটিভ বোনাস প্রাপ্য হবেন।

(ছ) কোন এমপ্লয়ী ২০২১-২২ অর্থ বছরে একাধিক দপ্তরে কর্মরত থাকলে উক্ত দপ্তর সমূহের প্রাপ্ত গড় নম্বরের ভিত্তিতে সকল শর্ত প্রতিপালন সাপেক্ষে ইনসেনটিভ বোনাস প্রাপ্য হবেন।

(জ) APA লক্ষ্যমাত্রা অর্জনে ওজোপাডিকো-তে প্রেষণে কর্মরতগণের অবদান থাকায় তারা উপরোক্ত নিয়মে ইনসেনটিভ বোনাস প্রাপ্য হবেন। একইভাবে অন্য প্রতিষ্ঠানে প্রেষণে কর্মরত ওজোপাডিকো'র কর্মকর্তা/কর্মচারীগণ ইনসেনটিভ বোনাস প্রাপ্য হবেন।

(ঝ) ইনসেনটিভ বোনাসের বকেয়া পরিশোধ করা যাবে না।

(ঞ) ওজোপাডিকোতে ২০২১-২২ অর্থ বছরে নিম্নে বর্ণিত ছক অনুযায়ী প্রাপ্ত দপ্তর সমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের উৎসাহ বোনাস প্রদানের হারঃ

| ক্রম | শতকরা প্রাপ্ত নম্বর | দপ্তর সমূহ | ইনসেনটিভ বোনাসের হার (জুন-২০২২ মাসে প্রাপ্ত মূল বেতনের ভিত্তিতে) |
|---|---|---|---|
| ১. | ১০০ নম্বর অর্জনকারী দপ্তরসমূহ (২৩ টি দপ্তর ) | বিক্রয় ও বিতরণ বিভাগ-৩, খুলনা; আলমডাংগা বিদ্যুৎ সরবরাহ; কুমারখালী বিদ্যুৎ সরবরাহ; মহেশপুর বিদ্যুৎ সরবরাহ; বিক্রয় ও বিতরণ বিভাগ-১, ফরিদপুর; বিক্রয় ও বিতরণ বিভাগ-২, ফরিদপুর; বিক্রয় ও বিতরণ বিভাগ, মাদারীপুর; রাজবাড়ী বিদ্যুৎ সরবরাহ; গোপালগঞ্জ বিদ্যুৎ সরবরাহ; শরিয়তপুর বিদ্যুৎ সরবরাহ; ভাঙ্গা বিদ্যুৎ সরবরাহ; পরিচালন ও সংরক্ষণ সার্কেল, ফরিদপুর; বিক্রয় ও বিতরণ বিভাগ, ঝালকাঠি; কাঠালিয়া বিদ্যুৎ সরবরাহ; ওজোপাডিকো ট্রেনিং ইনস্টিটিউট; বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ ও আপগ্রেডেশন প্রকল্প; বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ ও পরিবর্ধন প্রকল্প; স্মার্ট প্রি-পেইড মিটারিং প্রকল্প; বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার শক্তিশালীকরণ প্রকল্প; আঞ্চলিক হিসাব দপ্তর, ফরিদপুর; সদর দপ্তর; আঞ্চলিক মেরামত কারখানা, বরিশাল ও আঞ্চলিক মেরামত কারখানা, যশোর। | ১.৫টি মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন। |

চলমান-২

| ক্রম | শতকরা প্রাপ্ত নম্বর | দপ্তর সমূহ | ইনসেনটিভ বোনাসের হার (জুন-২০২২ মাসে প্রাপ্ত মূল বেতনের ভিত্তিতে) |
|---|---|---|---|
| ২. | ৯৫ হতে ৯৯.৯৯ পর্যন্ত প্রাপ্ত নম্বরের জন্য দপ্তর সমূহ (২৮ টি দপ্তর) | পরিচালন ও সংরক্ষণ সার্কেল, খুলনা; আঞ্চলিক হিসাব দপ্তর, খুলনা; বিক্রয় ও বিতরণ বিভাগ-২, খুলনা; মোংলা বিদ্যুৎ সরবরাহ; বিক্রয় ও বিতরণ বিভাগ-বাগেরহাট; বিক্রয় ও বিতরণ বিভাগ-৪, খুলনা; ফুলতলা বিদ্যুৎ সরবরাহ; পরিচালন ও সংরক্ষণ সার্কেল, যশোর; আঞ্চলিক হিসাব দপ্তর, যশোর; পরিচালন ও সংরক্ষণ সার্কেল, কুষ্টিয়া; আঞ্চলিক হিসাব দপ্তর, কুষ্টিয়া; মেহেরপুর বিদ্যুৎ সরবরাহ; ভেড়ামারা বিদ্যুৎ সরবরাহ; বিক্রয় ও বিতরণ বিভাগ, চুয়াডাংগা; বিক্রয় ও বিতরণ বিভাগ, ঝিনাইদহ; শৈলকুপা বিদ্যুৎ সরবরাহ; কোটচাঁদপুর বিদ্যুৎ সরবরাহ; বিক্রয় ও বিতরণ বিভাগ-২, কুষ্টিয়া; কালিগঞ্জ বিদ্যুৎ সরবরাহ; পাংশা বিদ্যুৎ সরবরাহ; সদরপুর বিদ্যুৎ সরবরাহ, নলসিটি বিদ্যুৎ সরবরাহ; ভান্ডারিয়া বিদ্যুৎ সরবরাহ; পিরোজপুর বিদ্যুৎ সরবরাহ; পরিচালন ও সংরক্ষণ সার্কেল-বরিশাল; বিক্রয় ও বিতরণ বিভাগ-১, বরিশাল; বিক্রয় ও বিতরণ বিভাগ-২, বরিশাল ও বোরহানউদ্দিন বিদ্যুৎ সরবরাহ। | ১.২৫টি মূল বেতনের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন। |
| ৩. | ৯০ হতে ৯৪.৯৯ পর্যন্ত প্রাপ্ত নম্বর এর জন্য দপ্তর সমূহ (০৮ টি দপ্তর) | বিক্রয় ও বিতরণ বিভাগ-১, খুলনা, মাগুরা বিদ্যুৎ সরবরাহ, সাতক্ষীরা বিদ্যুৎ সরবরাহ, নড়াইল বিদ্যুৎ সরবরাহ; বিক্রয় ও বিতরণ বিভাগ-১, কুষ্টিয়া; গোয়ালন্দ বিদ্যুৎ সরবরাহ; মধুখালি বিদ্যুৎ সরবরাহ এবং আঞ্চলিক হিসাব দপ্তর, বরিশাল। | ১.০০ টি মূল বেতনের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন। |
| ৪. | ৮৫ হতে ৮৯.৯৯ পর্যন্ত প্রাপ্ত নম্বর এর জন্য দপ্তর সমূহ (০৮ টি দপ্তর) | বিক্রয় ও বিতরণ বিভাগ-১, যশোর, বিক্রয় ও বিতরণ বিভাগ-২, যশোর, পরিচালন ও সংরক্ষণ সার্কেল-পটুয়াখালী, বিক্রয় ও বিতরণ বিভাগ-পটুয়াখালী, ভোলা বিদ্যুৎ সরবরাহ, বরগুনা বিদ্যুৎ সরবরাহ, চরফ্যাশন বিদ্যুৎ সরবরাহ ও মনপুরা বিদ্যুৎ সরবরাহ। | ০.৭৫ টি মূল বেতনের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন। |

নির্দেশক্রমে,

২৯/০৩/২০২৩

মোঃ আলমগীর কবীর
উপ-মহাব্যবস্থাপক
(এইচআর এন্ড এডমিন)
ওজোপাডিকো, খুলনা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১. ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, খুলনা।
২. নির্বাহী পরিচালক(অর্থ/পরিচালন ও সংরক্ষণ/পিএন্ডডি), ওজোপাডিকো, খুলনা।
৩. প্রধান প্রকৌশলী,ওএন্ডএম, এসএন্ডডি/ ইএসসিএস/ মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), ওজোপাডিকো, খুলনা।
৪. কোম্পানি সচিব /তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক, বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার শক্তিশালীকরণ প্রকল্প / পরিচালন ও সংরক্ষণ সার্কেল, ওজোপাডিকো/ বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ ও আপগ্রেডেশন প্রকল্প/স্মার্ট প্রি-পেইড মিটারিং প্রকল্প/ বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ ও পরিবর্ধন প্রকল্প ..................................................................................
৫. নির্বাহী প্রকৌশলী/ব্যবস্থাপক.......................................................................................
৬. আবাসিক প্রকৌশলী ......................................................................................
৭. দপ্তর নথি।